**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বাজেট ও উন্নয়ন অনুবিভাগ**
**বাজেট শাখা।**
**www.lawjusticediv.gov.bd**

**স্মারক নং-১০.০০.০০০০.১২৬.৯৯.০৪৪.১৫.২০১৬** **তারিখঃ** ২০/১২/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ **দেশের বিভিন্ন আদালত/ট্রাইব্যুনালে এবং ম্যাজিস্ট্রেসীতে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ ও নিয়মিতকরণ সংক্রান্ত।**

**সূত্রঃ** (ক) মন্ত্রিপরিষদ বিভাগের ২৫-০৫-২০০৪ খ্রিঃ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১/১)/২০০১-১০৬ নং পত্র।
(খ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ, বাজেট শাখা-১ এর ২৪-০৪-১৯৯৪ খ্রিঃ তারিখের অম/অবি/ বাউ-১/১ই-১৬৫(৫)৯৪/১৫৩ নং পত্র।
(গ) সংস্থাপন মন্ত্রণালয় (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়) এর ২০/০২/৯০ খ্রিঃ তারিখের সম/বিধি-৩/কন্টি-৭/৮৯-১৭(৫০) নং পত্র।
(ঘ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখা এর ২২/০৯/২০১১ খ্রিঃ তারিখের ০৭.১৭২.০০২.০৭.০০.০১৩.২০১০-১১৭ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও উপরিল্লিখিত সূত্রসমূহের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের বেশ কয়েকটি আদালত/ট্রাইব্যুনালে এবং ম্যাজিস্ট্রেসীতে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ ও বেতন স্কেল প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ বিগত ২৫-০৫-২০০৪ খ্রিঃ তারিখে মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১/১)/২০০১-১০৬ নং স্মারকে কাজ নাই মজুরী নাই সার্কুলার এর কার্যকারিতা স্থগিত করেছে। বাজেট অনুবিভাগ, বাজেট শাখা-১ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বিগত ২৪-০৪-৯৪ খ্রিঃ তারিখে অম/অবি/বাউ-১/১ই-১৬৫(৫)৯৪/১৫৩ নং স্মারকে কন্টিনজেন্সী ও ওয়ার্কচার্জড উভয় ধরনের জনবলকে নিয়মিত না করার বিষয়ে বলা হয়েছে। সংস্থাপন মন্ত্রণালয় (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়) বিগত ২০/০২/৯০ খ্রিঃ তারিখে সম/বিধি-৩/কন্টি-৭/৮৯-১৭(৫০) নং পত্রে কন্টিনজেন্ট/ওয়ার্কচার্জড পদে কোন লোককে নিয়োগ ও নিয়মিতকরণ নিষিদ্ধ করেছে। তবে কেবল মাত্র ২০/০১/১৯৮৬ খ্রিঃ তারিখের পূর্বে নিয়োজিত কর্মচারীদের চাকুরীতে নিয়মিত করা যাবে। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখা গত ২২/০৯/২০১১ খ্রিঃ তারিখের ০৭.১৭২.০০২.০৭.০০.০১৩.২০১০-১১৭ নং পত্রে অস্থায়ী পদে অস্থায়ীভাবে দৈনিক ভাতাভিত্তিক নিয়োজিত কোন কর্মচারীকে স্থায়ী পদের বেতন স্কেলে বেতন প্রদানের কোন অবকাশ নাই মর্মে জানিয়েছে। ফলে কোন ধরনের দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ/নিয়মিতকরণ/বেতন স্কেল প্রদান বিধি সম্মত নয়।

২। উপর্যুক্ত বর্ণনার পরিপ্রেক্ষিতে যে কোন ধরনের দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ/নিয়মিতকরণ/বেতন স্কেল প্রদান থেকে সংশ্লিষ্ট সকলকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

২০/১২/১৫

(মোঃ খাদেম উল কায়েস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৪২০(অফিস)।

কার্যার্থে ঃ

১। জেলা জজ,
২। মহানগর দায়রা জজ,
৩। বিভাগীয় বিশেষ জজ,
৪। বিশেষ জজ,
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,
৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত,
৯। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল (বাংলাদেশ), মহানগর দায়রা জজ আদালত ভবন, ষষ্ঠ তলা, ঢাকা-১০০০।
১০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ভবন (১০ম তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
১১। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,
১২। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
১৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গনি রোড, ঢাকা।
১৫। বিচারক (যুগ্ম জেলা জজ), পরিবেশ আদালত,
১৬। বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল,
১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৮। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯। গার্ড ফাইল।